

**বিশ্ববিদ্যালয় সিনেটের
শিক্ষক প্রতিনিধি
নির্বাচন অনুষ্ঠিত**

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫ম সিনেটের ৩৫ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী তিনটি প্যানেলের মধ্যে নীল প্যানেল শতকরা ৬৬ ভাগ আসন পেয়ে নিরংকশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। এই প্যানেল মোট ২২টি আসন পেয়েছে।

গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র শিক্ষক কেন্দ্রে এই নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের কিছুদিন আগে গঠিত সাদা প্যানেল শতকরা ৩১ ভাগ আসন পেয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। এই প্যানেল ১১টি আসন পেয়েছে। গোলাপী প্যানেলের শিক্ষকবল ২টি আসন পেয়েছেন।

নির্বাচনে সর্বোচ্চ ৪১৬টি ভোট পেয়েছেন নীল প্যানেলের প্রার্থী মৃত্তিকা বিজ্ঞান বিভাগের অধ্যাপক আমিনুল ইসলাম। দ্বিতীয় সর্বোচ্চ ৩৬৬টি ভোট পেয়েছেন সাদা প্যানেলের ভূগোল বিভাগের অধ্যাপক (এর পাতায় দেখুন)।

**বিশ্ববিদ্যালয় সিনেট
(১ম পাতার পর)**

বিভাগের অধ্যাপক মনিরুজ্জামান মিয়া

মোট ৮১৫ জন ভোটারের মধ্যে ৭৪১ জন নির্বাচনে ভোট দেন। নির্বাচন পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কোর্স অফিস ডঃ আবদুল্লাহ ফারুক।

যারা নির্বাচিত হয়েছেন তাঁরা হলেন : ডঃ আমিনুল ইসলাম, ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান মিয়া, ডঃ ইয়াসউদ্দিন আহমদ, ডঃ এ.এফ.এম সিরাজুল ইসলাম চৌধুরী, ডঃ মোঃ মোহাম্মদ উল্লাহ পাটোয়ারী, ডঃ এম. আমিনুল ইসলাম, ডঃ এস.এম. এ ফায়েজ, ডঃ এ.টি.এম. জহুরুল হক, ডঃ আবুল কালাম আজাদ চৌধুরী, ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী, ডঃ মোঃ শাহাদত আলী, ডঃ মোহাম্মদ মনিরুজ্জামান, ডঃ এ.বি.এম মাহমুদ, ডঃ এ.ইয়্যু হারুন-অর-রশিদ, ডঃ সৈয়দ মোঃ হুমায়ুন কবির, ডঃ খন্দকার বজলুল হক, ডঃ ম. আখতারুজ্জামান, ডঃ মোঃ মোস্তফা চৌধুরী, ডঃ জিয়াউদ্দিন আহমদ, ডঃ আবদুল জব্বার মিয়া, ডঃ মোহাম্মদ মোহাম্মদ খান, ডঃ হুমায়ুন আহমদ, এম শাহজাহান মিয়া, ডঃ ওয়াকিল আহমদ, ডঃ মোঃ এনায়েতুল হক, ডঃ রংগলাল সেন, ডঃ রাজীব হুমায়ুন কবির, ডঃ এ.এফ.এম ইউছুফ হায়দার, ডঃ কে.এ.এম, সাদিউদ্দিন, ডঃ মোঃ আলতাফ হোসেন, ডঃ শহীদ উদ্দিন আহমদ, ডঃ আবু বকর সিদ্দীক, ডঃ আমিনুল ইসলামি, ডঃ নূরুন নাহার রহমান, ডঃ মোঃ আবদুল মামুন।